

যৌথ উদ্যোগের অনুমোদন পেলো গারুদা ও সিঙ্গাপুর এয়ারলাইনস

- A Monitor Desk Report

Date: 10 July, 2024



সিঙ্গাপুর: ব্যবসা বিস্তৃত করতে যৌথ উদ্যোগের পরিকল্পনা করেছে সিঙ্গাপুর এয়ারলাইনস (এসআইএ) ও ইন্দোনেশিয়ার পতাকাবাহী সংস্থা গারুদা ইন্দোনেশিয়া।

শিগগিরই পূর্ব এশিয়ার অন্যতম দুই উড়োজাহাজ পরিষেবা সংস্থা নির্দিষ্ট কিছু বিষয়ে একসঙ্গে কাজ করবে। সম্প্রতি সিঙ্গাপুরের প্রতিযোগিতা ও ভোক্তা কমিশন থেকে এ যৌথ উদ্যোগটি অনুমোদন দেয়া হয়েছে।

কোম্পানি দুটি জানায়, এ যৌথ উদ্যোগের মাধ্যমে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে বাণিজ্যিক কার্যক্রম পরিচালিত হবে। এতে এয়ারলাইনস কোম্পানি দুটির পাশাপাশি সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়ার অর্থনীতি উপকৃত হবে।

এ কার্যক্রমের মধ্যে যৌথভাবে আয় ভাগাভাগি করে দুই দেশের মধ্যে ফ্লাইট পরিচালনা করবে এসআইএ ও গারুদা। শিডিউল সমন্বয়ের কারণে ফ্লাইট বেছে নেয়ার ক্ষেত্রে যাত্রীদের সামনে বেশি বিকল্প তুলে ধরবে এসআইএ ও গারুদা। এছাড়া সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া ও অন্যান্য দেশের মধ্যে ‘বিরামহীন সংযোগ’ এবং যৌথ টিকিট বিক্রয় ও বিপণন উদ্যোগ চালু করবে বলে জানানো হয়েছে।

অবশ্য কোম্পানি দুটির মধ্যে সহযোগিতা চুক্তি এবারই প্রথম নয়। সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়ার মধ্যে যাত্রী পরিবহন সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে এসআইএ ও গারুদা গত বছরের মে মাসে প্রথমবার জয়েন্ট ভেঞ্চার চুক্তির পরিকল্পনা ঘোষণা করেছিল।

এর এক বছর পর গত মে মাসে এয়ারলাইনস কোম্পানি দুটি একটি চুক্তি স্বাক্ষর করে। এর মাধ্যমে কোডশেয়ার ফ্লাইট চালু করে তারা। ওই চুক্তির অধীনে একাধিক রুটে পরিষেবা দিচ্ছে সিঙ্গাপুর এয়ারলাইনস ও গারুদা ইন্দোনেশিয়া। এসব ফ্লাইটের মধ্যে সিঙ্গাপুর ও বালি, ইন্দোনেশিয়ার জাকার্তা, মেদান ও সুরাবায়ার রুটের পাশাপাশি সিঙ্গাপুর ও জোহানেসবার্গ, লন্ডন ও মুম্বাইয়ের মধ্যে দূরপাল্লার রুট অন্তর্ভুক্ত রয়েছে।

ব্যবসায়িক ও অন্যান্য চলাচলের পাশাপাশি সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়া পূর্ব এশিয়ার অন্যতম দুই পর্যটন গন্তব্য হিসেবে পরিচিতি। এসআইএ ও গারুদা দুই সংস্থার যৌথ উদ্যোগে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে পর্যটন খাত।

সম্প্রতি পাওয়া অনুমোদনকে পরিষেবার গুণমান উন্নয়ন এবং উভয় এয়ারলাইনসের নেটওয়ার্ক বিস্তৃত করার প্রতিশ্রুতিতে ‘উল্লেখযোগ্য অগ্রগতি’ বলে এক বিবৃতিতে উল্লেখ করেছেন গারুদার প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ইরফান সেটিয়াপুত্র।

তিনি আশা করেন এ সহযোগিতা ইন্দোনেশিয়ার পর্যটনকে উৎসাহিত করতে এবং মহামারী-পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধারে সহায়তা করবে।

অন্যদিকে সিঙ্গাপুর এয়ারলাইনসের প্রধান নির্বাহী গোহ চুন ফং বলেন, ‘এ অংশীদারত্ব ইন্দোনেশিয়া ও সিঙ্গাপুর এবং দুই দেশের বাইরের অঞ্চলের মধ্যে যোগাযোগ উন্নত করার জন্য উভয় এয়ারলাইনসের দেয়া প্রতিশ্রুতিকে জোরদার করবে। এর মাধ্যমে দুই দেশে ব্যবসা ও ভ্রমণ উভয়ই বৃদ্ধি পাবে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখবে।’

-B